



২০ ডিসেম্বর ২০২৩ তারিখে Orientation with OBE Template শীর্ষক প্রশিক্ষণ অনুষ্ঠিত

২০ ডিসেম্বর ২০২৩ তারিখ বরিশাল বিশ্ববিদ্যালয়ের আইকিউএসির আয়োজনে Orientation with OBE Template শীর্ষক এক প্রশিক্ষণ বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাশ কনফারেন্স হলে অনুষ্ঠিত হয়েছে। উক্ত প্রশিক্ষণে ৮টি বিভাগ কর্তৃক মনোনীত ২৪ জন শিক্ষক অংশগ্রহণ করেছেন। প্রশিক্ষণের উদ্বোধনী পর্বে প্রধান অতিথি ছিলেন রুটিন দায়িত্বে নিয়োজিত বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। সভাপতিত্ব করেছেন আইকিউএসির পরিচালক প্রফেসর ড. মোঃ মুহসিন উদ্দীন। সঞ্চালনায় ছিলেন আইকিউএসির অতিরিক্ত পরিচালক ড. তাজিজুর রহমান। দিনব্যাপী এ প্রশিক্ষণের প্রশিক্ষকের দায়িত্বেও ছিলেন আইকিউএসির অতিরিক্ত পরিচালক ড. তাজিজুর রহমান। যে আটটি বিভাগের শিক্ষকগণ এ প্রশিক্ষণে অংশগ্রহণ করেছেন সেগুলো হলো ১. গণযোগাযোগ ও সাংবাদিকতা, ২. ইতিহাস, ৩. পরিসংখ্যান, ৪. আইন, ৫. রাষ্ট্রবিজ্ঞান, ৬. ফিন্যান্স এন্ড ব্যাংকিং, ৭. দর্শন, ও ৮. সমাজকর্ম।





আইকিউএসি কার্যালয়
বরিশাল বিশ্ববিদ্যালয়
e-mail: director-igac@bu.ac.bd

